প্রয়োজনে ইরানকে ধ্বংস করে দেওয়া হবে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে আরও কঠোর সামরিক পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রয়োজনে দেশটির অবশিষ্ট অংশও ধ্বংস করে দিতে পারেন বলে মন্তব্য করেছেন তিনি।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) হোয়াইট হাউসের ওভাল অফিসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন ট্রাম্প।

তিনি বলেন, ইরানের বাকি অংশ ধ্বংস করতে চান না। তবে পরিস্থিতি বিবেচনায় শেষ পর্যন্ত এমন পদক্ষেপ নিতে হতে পারে। এ বিষয়ে শিগগিরই বিস্তারিত জানা যাবে বলেও জানান তিনি।

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে চলমান যুদ্ধের পর ইরানের পুনর্গঠনে ২৫ বছর পর্যন্ত সময় লাগতে পারে বলেও মন্তব্য করেন মার্কিন প্রেসিডেন্ট।

এদিকে, ইরানের পারমাণবিক কর্মসূচির ভবিষ্যৎ নিয়ে মধ্যস্থতাকারীদের মাধ্যমে যুক্তরাষ্ট্রের কাছে কোনো প্রস্তাব পাঠানো হয়েছে কি না, এমন প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্রের অনুমোদন ছাড়া ইরান কিছুই করছে না।

সূত্র: আনাদোলু এজেন্সি